দৈনিক আমাদের সময়

তারিখ ... 13 JUL 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ......

# ১৮০০ মাদ্রাসার ভবন নির্মাণ করবে সরকার : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

আরও ১ হাজার ৮০০ মাদ্রাসার ভবন নির্মাণে সরকার প্রকল্প নিয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে গতকাল আরবি ভাষা এবং ইসলামি জ্ঞান বিষয়ে জাতীয় প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা জানান।

মাদ্রাসা শিক্ষার্থীদের জ্ঞানচর্চা বৃদ্ধির লক্ষ্যে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় 'ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় জাতীয় প্রতিযোগিতা ২০১৭' আন্তঃমাদ্রাসা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

শিক্ষামন্ত্রী বলেন, ইসলামি ও মাদ্রাসা শিক্ষার উন্নয়নে সরকার ব্যাপক পদক্ষেপ গ্রহণ করেছে। আলেমদের শত বছরের দাবি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। এ বিশ্ববিদ্যালয়ের অধীনে আরও ভালো আলেম তৈরি করতে হবে বলে আশাবাদ ব্যক্ত করেন মন্ত্রী। নাহিদ জানান, ৫১টি মাদ্রাসায় অনার্স কোর্স চালু করা হয়েছে। ৩৫টি মাদ্রাসাকে গড়ে তোলা হয়েছে মডেল মাদ্রাসা হিসেবে। এসব মাদ্রাসায় কম্পিউটার ল্যাবসহ আধুনিক সুযোগ-সুবিধা প্রদান করা হয়েছে। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আহসানউল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন প্রমুখ উপস্থিত ছিলেন।